যুগান্তর

তারিখ ... 07 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী মা সমাবেশ

**যুগান্তর ডেস্ক**

'সন্ত্রাস নয় শান্তি চাই, জঙ্গিমুক্ত দেশ চাই' এই স্লোগানকে সামনে রেখে গাজীপুর, কালীগঞ্জ ও কালিয়াকৈরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**গাজীপুর :** গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে মঙ্গলবার জেলার ৭৫৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একযোগে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে ২ লাখ ৬ হাজার মা অংশগ্রহণ করেছেন।

কর্মসূচির অংশ হিসেবে সকালে জয়দেবপুর সরকারি বালিকা প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত মা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ইফতেখার আহমেদ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ মোফাজ্জল হোসেন, আওয়ামী লীগ নেতা আ. হাদী শামীম। বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার কামরুল হাসান, আ. মালেক, বদরুন নেছা প্রমুখ।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, এই মা সমাবেশের মাধ্যমে গাজীপুরের ২ লাখ ৬ হাজার মা তিনি নিজে ও তার সন্তানদের নিরাপদ রাখতে সক্ষম হবেন। উক্ত মা সমাবেশে বিদ্যালয়ের এসএমসি, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, এলাকার মুক্তিযোদ্ধা, মসজিদের ইমাম ও জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তারা, পুলিশ প্রশাসন উপস্থিত থেকে মায়েদের জঙ্গিবাদবিরোধী মনোভাব গড়ে তোলার জন্য উদ্বুদ্ধ করছেন।

**কালিয়াকৈর :** গাজীপুরের কালিয়াকৈর উপজেলার মৌচাক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মঙ্গলবার দুপুরে শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে তিনশ' মা ও পাঁচশতাধিক ছাত্রছাত্রী অংশ নেয়। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা কমিটির সহ-সভাপতি ছামান উদ্দিন সরকার। বক্তব্য রাখেন, সহকারী শিক্ষাকর্মকর্তা আলমগীর হোসেন, ইউপি সদস্য লাবিব উদ্দিন, মুক্তিযোদ্ধা জামির সরকার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাউছার পারভীন প্রমুখ।

**কালীগঞ্জ :** মঙ্গলবার গাজীপুরের কালীগঞ্জ উপজেলার ছাতিয়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও বিদ্যালয় পরিচালনা কমিটির উদ্যোগে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি আরিফুল ইসলাম আরিফের সভাপতিত্বে ও প্রধান শিক্ষক বিমল চন্দ্র দাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখে ইউপি চেয়ারম্যান গাজী সারোয়ার হোসেন, মুক্তিযোদ্ধা বিল্লাল হোসেন মাঝি, ইউপি সদস্য আবদুর মান্নান, সাবেক মেম্বার, বজলুর রহমান, ইসমাইল হোসেন, বীথি রানী সূত্রধর, শাহিনা খানম, নাজমা বেগম প্রমুখ।